

শুগান্থ

প্রিন্ট: ২০ এপ্রিল ২০২৫, ০২:১১ পিএম

শিক্ষাজ্ঞন

রাবি ভর্তি পরীক্ষার 'বি' ইউনিটের ফল প্রকাশ



রাবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ এপ্রিল ২০২৫, ০৬:০৫ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার 'বি' ইউনিটের ফল প্রকাশিত হয়েছে। ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত এই ইউনিটের বাণিজ্য গ্রন্তিপে ৩৫ দশমিক ১৬ শতাংশ এবং অ-বাণিজ্য গ্রন্তিপে ৫ দশমিক ৪৬ শতাংশ পরীক্ষার্থী পাশ করেছেন।

বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে <https://application.ru.ac.bd/> তে লগইন করে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিজ নিজ ফল দেখতে পারবেন।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, এবারের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৪২ হাজার ৪৩৩ জন। এর মধ্যে বাণিজ্য গ্রন্তিপের ১৭ হাজার ৬৮৪ জনের মধ্যে পাশ করেছেন ৬ হাজার ২১৮ জন (৩৫.১৬%) পরীক্ষার্থী। অ-বাণিজ্য গ্রন্তিপে ১৭ হাজার ৪০৩ জনের মধ্যে ৯৫০ (৫.৪৬%) জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, অ-বাণিজ্য গ্রন্তিপে বিজ্ঞান শাখায় ৬১৮ ও মানবিক শাখায় ৩৩২ জন পরীক্ষার্থী পাশ করেছেন। উভয় গ্রন্তিপে মিলিয়ে গড় পাশের হার ২০ দশমিক ৪৩ শতাংশ।

বাণিজ্য গ্রন্তিপে প্রথমস্থান অর্জনকারী শিক্ষার্থীর নম্বর ৭৭ দশমিক ৫০ এবং অ-বাণিজ্য গ্রন্তিপে প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ৬০ দশমিক ২৫। প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ভাস্তি পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

গত ১২ এপ্রিল 'বি' ইউনিটভুক্ত ব্যবসায় শিক্ষা অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই ইউনিটে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত ৬টি বিভাগ ও ব্যবসায় প্রশাসন ইনসিটিউট আছে।

চলতি শিক্ষাবর্ষে 'বি' ইউনিটে মোট আসন সংখ্যা ৫৫৯।

এর মধ্যে বাণিজ্য গ্রন্তিপে ৩৬৭টি, অ-বাণিজ্য গ্রন্তিপের বিজ্ঞান শাখায় ১৬৬টি এবং মানবিক শাখায় ২৬টি আসন রয়েছে।

উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা সংশ্লিষ্ট ওয়েবসাইট <https://admission.ru.ac.bd/> ও বিশ্ববিদ্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে দেখা যাবে।